

# কুয়েটে একক ভর্তি পরীক্ষা ১১ জানুয়ারি

খুলনা অফিস

১৬ নভেম্বর,  
২০২৪ ১৬:২৪

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক পর্যায়ের ভর্তি পরীক্ষা ১১ জানুয়ারি অনুষ্ঠিত হবে। শনিবার (১৬ নভেম্বর) এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানান বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ ও তথ্য শাখা সেকশন অফিসার শাহেদুজ্জামান শেখ।

তিনি বলেন, একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী এককভাবে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ ছাড়া ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।